

**জাতীয় শোক দিবস উপলক্ষে  
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে  
বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসাসেবা প্রদান করা হবে**

**“প্রথমবারের মতো সকল ল্যাবরেটরি ইনভেস্টিগেশন বিনামূল্যে প্রদান করা হবে”**

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আগামী ১৫ ই আগস্ট ২০১৮ইং তারিখ, বুধবার সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় হাসপাতালের বহির্বিভাগে বঙ্গবন্ধুর পুণ্য স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনের নিমিত্তে বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা রোগী দেখার উদ্যোগ নিয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে এই প্রথমবারের মতো সকল ল্যাবরেটরি ইনভেস্টিগেশন বিনামূল্যে প্রদান করা হবে। ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস-এর বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসাসেবা ও প্রথমবারের মতো সকল ল্যাবরেটরি ইনভেস্টিগেশন বিনামূল্যে প্রদানের মহতী কার্যক্রম সফল করতে প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া সম্মানিত বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ ও পরিচালক (হাসপাতাল) মহোদয়কে নির্দেশ দিয়েছেন। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জাতীয় শোক দিবস উপলক্ষে গৃহীত অন্যান্য কর্মসূচীর মধ্যে রয়েছে— সকাল ৭টায় ধনমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস হতে যাত্রা, সকাল ৮টা ৫০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের বি লকে স্থাপিত জাতির জনক বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, সকাল ১০টায় এ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের বটতলায় স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী, দুপুর ১টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে বাদ জোহর কোরানখানি, দোয়া মাহফিল ও তবারক বিতরণ। এছাড়াও রয়েছে অন্যান্য ধর্মান্বলম্বীদের জন্য প্রার্থনা অনুষ্ঠান।